



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০২.২২/ 290

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২২ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম নিম্নোক্ত অঞ্চল ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে।

শিক্ষা অঞ্চল	তথ্য সংগ্রহের মেয়াদ
ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	১৬ - ২০ অক্টোবর ২০২২
খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা	২১ - ২৫ অক্টোবর ২০২২
গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা	২৬ - ৩০ অক্টোবর ২০২২

২। তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়ে একটি নির্দেশিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। যে সকল প্রতিষ্ঠানে Online সুবিধা নেই সেইসব প্রতিষ্ঠানসমূহকে বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবনে অবস্থিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) এর সাইবার সেন্টার থেকে তথ্য প্রেরণে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী

- সংযুক্ত: ক) প্রতিষ্ঠান প্রধানের চিঠি;
খ) Online জরিপ ফরম পূরণের নির্দেশিকা;
গ) শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ক্যালেন্ডার- ২০২২।


(হাবিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২-৪১০৬০৭০৭

E-mail: dg@banbeis.gov.bd

সহকারী প্রোগ্রামার (সকল)

উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)

উপজেলা:

জেলা:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ), ব্যানবেইস, ঢাকা
- ৪। জেলা শিক্ষা অফিসার
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
- ৬। অফিস নথি।